

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪০০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. তৃতীয় অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

আরবী

وَعَنِ الْبَرَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «حَقًّا عَلَى الْمُسْلِمِينَ أَنْ يَغْتَسِلُوا يَوْمَ الْجُمُعَةِ وَلْيَمَسَّ أَحَدُهُمْ مِنْ طِيبِ أَهْلِهِ فَإِنْ لَمْ يَجِدْ فَالْمَاءُ لَهُ طِيبٌ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ

বাংলা

১৪০০-[২০] বারা (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জুমু'আর দিন মুসলিমরা যেন অবশ্যই গোসল করে। তার পরিবারে সুগন্ধি থাকলে যেন তা ব্যবহার করে। যদি সুগন্ধি না থাকে, তাহলে গোসলের পানিই তার জন্য সুগন্ধি। (আহমাদ, তিরমিযী; তিনি [তিরমিযী (রহঃ)] বলেন, হাদীসটি হাসান।)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়ী ৫২৮, ইবনু আবী শায়বাহ্ ৪৯৮৯, শারহুস্ সুন্নাহ্ ৩৩৪, য'ঈফ আল জামি' ২৭০৭। এর সানাদে ইসমা'ঈল ইবনু ইব্রাহীম আত্ তায়মী একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ তার উচিত হবে পানি এবং সুগন্ধির মাঝে একত্র করা। আর সুগন্ধি না পাওয়া গেলে পানি যথেষ্ট হবে। কেননা মূল উদ্দেশ্য হলো পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং দুর্গন্ধ দূর করা।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন